

সংগৃহিত আমন ২০২৩-২০২৪ খ্রি. মৌসুমের ছাঁটাইয়ের বরাদ্দ আদেশ

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ২১ নং অনুচ্ছেদের (ঙ) নং উপ-অনুচ্ছেদ এবং সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ২৪/০১/২০২৪ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.৯৫ নং স্মারকের নির্দেশনা এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক রাজশাহী বিভাগ, রাজশাহী'র ১১/০২/২০২৪ খ্রি. তারিখের ৫৫০(১৫) নং স্মারক মোতাবেক নিম্নবর্ণিত মিল মালিক ধানের সংগ্রহ মূল্যের ১১০% হিসেবে জামানত প্রদানপূর্বক জয়পুরহাট সদর এলএসডি হতে ২০৪.০০০ মে.টন এবং ক্ষেতলাল উপজেলার ক্ষেতলাল এলএসডি হতে ৫.৭২০ মে. টন সর্বমোট ২০৯.৭২০ মে. টন সংগৃহিত আমন ২০২৩-২০২৪ ধান ছাঁটাইয়ের চুক্তিপত্র সম্পাদনসহ বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেছেন। নির্দেশনা মোতাবেক আমন ২০২৩-২৪ মৌসুমে সংগৃহীত ধান হতে আতব ফলিত চাল সরকারি গুদামে জমা প্রদান করতে হবে।

এক্ষণে, মিল মালিকের আবেদন এবং ১১০% জামানতের প্রেক্ষিতে চুক্তিপত্র সম্পাদনকারি মিলের অনুকূলে পাক্ষিক ক্ষমতা অনুযায়ী জয়পুরহাট সদর এলএসডি হতে মজুত পরিমাণ ২০৪.০০০ মে.টন এবং ক্ষেতলাল উপজেলার ক্ষেতলাল এলএসডি হতে মজুত পরিমাণ ৫.৭২০ মে.টন সর্বমোট ২০৯.৭২০ মে.টন আমন ধানের বরাদ্দ প্রদান করা হলো। মিল মালিক বরাদ্দকৃত ধান ছাঁটাই পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে ৬০: ৩৯.৮৭৫ (ষাট অনুপাত উনচল্লিশ দশমিক আটশত পঁচাত্তর) অর্থাৎ ১০০ : ৬৬.৪৫৮ (একশত অনুপাত ছিষটি দশমিক চারশত আটান্ন) রেশিও অনুযায়ী চুক্তির শর্ত মোতাবেক বিনির্দেশ মানের ফলিত আতব চাল ও প্রাপ্য খালি বস্তা সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ নিশ্চিত করবেন।

চুক্তি নং	মিলের নাম ও ঠিকানা	বরাদ্দকৃত ধানের পরিমাণ (মে.টন)	রেশিও ৬০:৩৯.৮৭৫ মোতাবেক ফলিত চাল (মে. টন)	জয়পুরহাট সদর এবং ক্ষেতলাল এলএসডি হতে ধান উত্তোলনের সময়সীমা	ফলিত চাল জমা প্রদানের সময়সীমা	ফলিত চাল সরবরাহতব্য এলএসডি'র নাম
০১/ জয়পুরহাট/ ক্ষেতলাল এলএসডি	মেসার্স আকন্দ আতব অটো রাইস মিল প্রো. মোঃ আব্দুল আজিজ আকন্দ, পাঁচশিরা, কালাই, জয়পুরহাট	২০৪.০০০ (একত্রিশ দশমিক ছয়শত দশ) মে.টন	১৩৫.৫৭৫ (একশত পঁত্রিশ দশমিক পাঁচ সাত পাঁচ) মে. টন	২৩/০৩/২৪ খ্রি. তারিখ পর্যন্ত	৩/০৪/২৪ খ্রি. তারিখ পর্যন্ত	জয়পুরহাট এলএসডি
		৫.৭২০ (আটষট্টি) মে.টন	৩.৮০২ (তিন দশমিক আটশত দুই) মে. টন	২৩/০৩/২৪ খ্রি. তারিখ পর্যন্ত	৩/০৪/২৪ খ্রি. তারিখ পর্যন্ত	

শর্তাবলী:

- ১। ছাঁটাইয়ের জন্য সরবরাহকৃত ধানের নমুনা ক্রয়কেন্দ্রে এবং মিলে সংরক্ষণ করতে হবে। মিলার গুদাম হতে ধান গ্রহণকালে মান ও ওজন নিশ্চিত হবেন। পরবর্তীতে এতদবিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ২। কালার সর্টার প্রযুক্তি ব্যবহার করে ফলিত চাল সরবরাহ করতে হবে।
- ৩। ধান ছাঁটাইকালে নিয়োগকৃত পরিদর্শনকারী কর্মকর্তা এবং মিলারের উপস্থিতিতে প্রতি বরাদ্দের ফলিত চালের ২ (দুই) টি নমুনা গ্রহণ করবেন, একটি নমুনা মিলে এবং অন্যটি সংশ্লিষ্ট ক্রয়কেন্দ্রে সংরক্ষিত থাকবে।
- ৪। ধান যথাযথভাবে ছাঁটাই করা হয়েছে কিনা এবং প্রস্তুতকৃত চাল দৃশ্যতঃ বিনির্দেশ সম্মত কি না সে বিষয়ে প্রত্যয়নপত্রসহ ক্রয়কেন্দ্রে রক্ষিত নমুনার সাথে মিলিয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিনির্দেশসম্মত চাল গ্রহণ করবেন এবং খালি বস্তা বুঝে নিবেন।
- ৫। ধানের ছাঁটাইকৃত ফলিত আতব চাল আলাদাভাবে খামালে সংরক্ষণ করতে হবে।
- ৬। যথাযথ সময়ের মধ্যে সঠিক তদারকির মাধ্যমে ফলিত আতব চাল গ্রহণ করতে হবে।
- ৭। ছাঁটাইকৃত ফলিত আতব চাল সরবরাহকৃত ধানের বস্তায় (প্রয়োজনানুযায়ী) ভালভাবে পরিষ্কার করে (যাতে ধান না থাকে) যথাযথভাবে সেলাই পূর্বক ১০০% বস্তায় স্টেনসীল আবশ্যিকভাবে ব্যবহার করে সংশ্লিষ্ট এলএসডিতে সরবরাহ করবেন।
- ৮। ছাঁটাই কার্যক্রম অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ এবং খাদ্য অধিদপ্তর, ঢাকা হতে সংগ্রহ ও ছাঁটাই সংক্রান্ত জারীকৃত অন্যান্য আদেশ গুলো প্রযোজ্য হবে।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের উপস্থিতিতে মিলে ধান প্রেরণ ও গুদামে ফলিত আতব চাল গ্রহণ নিশ্চিত করবেন এবং উহার প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করবেন।

(সন্তোষ কান্তি চাকমা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট

তারিখ : ১৯/০৩/২০২৪ খ্রি:

স্মারক নং-১৩.০১.০৮০০.০০৫.১৬.০০১.২৪. ৬৭৫

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

- ১। মহাপরিচালক(গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট সদর/ক্ষেতলাল, জয়পুরহাট। বরাদ্দ আদেশের ৯ নং শর্তসহ সংশ্লিষ্ট মিলের ধান ছাঁটাই কার্যক্রম সার্বিকভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। চলাচল ও সংরক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট এলএসডি, জয়পুরহাট
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্ষেতলাল এলএসডি, ক্ষেতলাল, জয়পুরহাট
- ৭। কারিগরী খাদ্য পরিদর্শক, জয়পুরহাট
- ৮। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট সদর/ক্ষেতলাল, জয়পুরহাট। সংশ্লিষ্ট মিল পরিদর্শনপূর্বক বিধি মোতাবেক প্রত্যয়নপত্র ও চালের নমুনা সিলগালা করে সংশ্লিষ্ট গুদামে প্রেরণ করবেন ও মিলারকে দিবেন।
- ৯। মেসার্স আকন্দ আতব অটো রাইস মিল প্রো. মোঃ আব্দুল আজিজ আকন্দ, পাঁচশিরা, কালাই, জয়পুরহাট
- ১০। সংরক্ষণ নথি

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট

১৯/৩